

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৫১

তারিখ: ২১ শ্রাবণ ১৪২৮

০৫ আগস্ট ২০২১

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন

তারিখঃ ০৫.০৮.২০২১ খ্রিঃ, সময়ঃ দুপুর ২.০০ টা

১। সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেত:

সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই।

২। আজ ০৫ আগস্ট ২০২১ খ্রিঃ তারিখ সকাল ৯ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

খুলনা, বরিশাল, পটুয়াখালি, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম এবং কক্সবাজার অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি অথবা বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

৩। ০৫ আগস্ট ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থাঃ মৌসুমী বায়ুর অক্ষের বর্ষিতাংশ রাজস্থান, উত্তর প্রদেশ, বিহার, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বর্ষিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে মাঝারী অবস্থায় রয়েছে।

পূর্বাভাসঃ খুলনা, বরিশাল, চট্টগ্রাম, ঢাকা ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রংপুর, রাজশাহী ও ময়মনসিংহ বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশের দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): সামান্য পরিবর্তন হতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৪.২	৩৩.৬	৩৩.৬	৩৫.৮	৩৩.৬	৩৪.১	৩৪.৩	৩৩.০
সর্বনিম্ন তাপমাত্রা	২৫.২	২৭.৬	২৪.৫	২৫.৩	২০.৮	২৬.০	২৫.০	২৬.৪

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল সিলেট ৩৫.৮° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তাড়াশ ২০.৮° সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

৪। এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাস

- ব্রহ্মপুত্র-যমুনা নদ-নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, যা আগামী ২৪ ঘন্টায় স্থিতিশীল থাকতে পারে।
- গঙ্গা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, যা আগামী ৭২ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে, অপরদিকে পদ্মা নদীর পানি সমতল স্থিতিশীল আছে, যা আগামী ২৪ ঘন্টায় বৃদ্ধি পেতে পারে।
- দেশের উত্তর-পূর্বাঞ্চলের আপার মেঘনা অববাহিকার মনু ব্যতীত অন্যান্য সকলপ্রধান নদীসমূহের পানি সমতল স্থিতিশীল আছে, যা আগামী ২৪ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।

৪ (ক)। ২৯ জুলাই, ২০২১ তারিখ থেকে আগামী ১০ দিনের সম্ভাব্য পূর্বাভাস:

- ব্রহ্মপুত্র-যমুনা নদীর পানি সমতল আগামী ১লা আগস্ট পর্যন্ত স্থিতিশীল থেকে তারপর থেকে বৃদ্ধি পেতে পারে। আগামী ৭ দিনে আপাতত ব্রহ্মপুত্র নদীর অববাহিকায় বিপদসীমা অতিক্রমের সম্ভাবনা নেই।
- গঙ্গা-পদ্মা নদীর পানি সমতল বৃদ্ধি আগামী ৭ দিন অব্যাহত থাকতে পারে। আগামী ৭ দিনে আপাতত গঙ্গা নদীর অববাহিকায় বিপদসীমা অতিক্রমের সম্ভাবনা নেই।
- ঢাকার চারপাশের নদীসমূহের পানি সমতল স্থিতিশীল থাকতে পারে। ঢাকার চারপাশের নদীসমূহের অববাহিকায় বিপদসীমা অতিক্রমের সম্ভাবনা নেই।

৪ (খ)। নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত):

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	১০৯	গেজ স্টেশন বন্ধ আছে	০
বৃদ্ধি	৫৮	গেজ পাঠ পাওয়া যায়নি	ডাটা সংগ্রহ শুরু হয়নি (০১ টি)
হ্রাস	৪৩	মোট তথ্য পাওয়া যায়নি	০
অপরিবর্তিত	০৭	বিপদ সীমার উপরে	০

৪ (গ)। বিপদ সীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন ২১ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ/০৫ আগস্ট ২০২১ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):

জেলা নাম	পানি সমতল স্টেশন	নদীর নাম	আজকের পানি সমতল (মিটার)	বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)	বিপদ সীমা (মিটার)	বিপদ সীমার উপরে (সে.মি.)
-	-	-	-	-	-	-

৫। বৃষ্টিপাতের তথ্যঃ

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)
লালাখাল	৬০.০	যশোর	৩৪.০

৫(ক)। গত ২৪ ঘণ্টায় দেশের উজানে ভারতে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:

স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)
-	-	-	-

৬। অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ৩ আগস্ট, ২০২১খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ৪ আগস্ট, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ০৮ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৩	০	০
২।	সিলেট	১	০	০
৩।	চট্টগ্রাম	২	০	০
৪।	রংপুর	২	০	০
	মোট	০৮	০	০

৭। বজ্রপাতে মৃত্যুর তথ্যঃ

৭(ক) চাপাইনবাবগঞ্জঃ জেলা প্রশাসক, চাপাইনবাবগঞ্জ এর ০৪/০৮/২০২১খ্রিঃ তারিখের একটি পত্রের মাধ্যমে জানানো হয়েছে যে, গত ০৪/০৮/২০২১খ্রিঃ তারিখ বেলা ১১.৩০টায় চাপাইনবাবগঞ্জ জেলার সদর ও শিবগঞ্জ উপজেলায় একটি বৌ ভাতের অনুষ্ঠান শেষে কনেকে নিয়ে বর ও তার অতিথিবৃন্দ পদ্মা নদীর উপর দিয়ে নৌকাযোগে বরের বাড়ী চাপাইনবাবগঞ্জ সদর উপজেলার সুন্দরপুর ইউনিয়নে আসার পথে শিবগঞ্জ উপজেলাধীন পাকা ইউনিয়নের ০৩ নম্বর ওয়ার্ডের তিলিঘাট এলাকায় বৃষ্টি শুরু হলে নৌকার বরযাত্রীগণ পদ্মা নদীর তীরে একটি টিনসেড ঘরে আশ্রয় নেয়। সেই সময় বজ্রপাতের ঘটনাটি ঘটে এবং ১৬ জন ব্যক্তি মৃত্যুবরণ করেন। এছাড়া আরও ১২ জন ব্যক্তি আহত হয়েছে। এদের মধ্যে ১১ জন চাপাইনবাবগঞ্জ সদর হাসপাতালে এবং ০১ জন রাজশাহী মেডিকলে ভর্তি হয়েছে। নিহতদের প্রত্যেককে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা আর্থিক সহায়তা ও আহতদের চিকিৎসার ব্যবস্থা নেয়া হয়েছে বলে জেলা প্রশাসক জানান।

৭(খ) কিশোরগঞ্জঃ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, কিশোরগঞ্জ এর ০৪/০৮/২০২১ তারিখের ১৬৯১ নং পত্রের মাধ্যমে জানানো হয়েছে যে, গত ০৪/০৮/২০২১ খ্রিঃ তারিখ আনুমানিক রাত ০১ টায় শহরমূল গ্রামে মাছ ধরতে গিয়ে বজ্রপাতে ০২ (দুই) জন ব্যক্তি নিহত হয়েছে এবং ০২ (দুই) জন আহত হয়েছে। বজ্রপাতে নিহত/ আহতদের আর্থিক অনুদান দেয়ার ব্যবস্থা নেয়া হয়েছে মর্মে জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জানান।

৮ (ক)। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে মানবিক সহায়তার কার্যক্রমঃ

- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে ২৯/০৭/২০২১ খ্রিঃ তারিখের ২৯৩ নং স্মারকের মাধ্যমে কক্সবাজার জেলায় সাম্প্রতিক বন্যা ও পাহাড় ধসে ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে মানবিক সহায়তা প্রদানের জন্য জেলা প্রশাসক, কক্সবাজারের অনুকূলে ৫০মেঃ টন ত্রাণ কার্য (চাল) এবং ১০,০০,০০০/- (দশ লক্ষ) ত্রাণ কার্য (নগদ) এবং ২,০০০ প্যাকেট/বস্তা শূকনা ও অন্যান্য খাবারবরাদ্দ প্রদান করা হয়েছে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে ২৯/০৭/২০২১ খ্রিঃ তারিখের ২৯৪ নং স্মারকের মাধ্যমে বান্দরবান জেলায়

সাম্প্রতিক অতিবর্ষণ ওপাহাড়ী ঢলে ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে মানবিক সহায়তা প্রদানের জন্য জেলা প্রশাসক, বান্দরবানের অনুকূলে ৩০মেঃ টন ত্রাণ কার্য (চাল) এবং ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) ত্রাণ কার্য (নগদ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।

- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে ২৯/০৭/২০২১ খ্রিঃ তারিখের ২৯৫ নং স্মারকের মাধ্যমে কক্সবাজার জেলায় সাম্প্রতিক বন্যা ও পাহাড় ধসে ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে মানবিক সহায়তা প্রদানের জন্য জেলা প্রশাসক, কক্সবাজারের অনুকূলে ১০০মেঃ টন ত্রাণ কার্য (চাল) বরাদ্দ প্রদান করা হয়েছে।

৮ (খ)। কোভিড-১৯ ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগকালীন মানবিক সহায়তার কার্যক্রমের বিবরণ:

ক্রঃ নং	ত্রাণ কার্যক্রমের নাম	বরাদ্দের পরিমাণ		
		চলতি অর্থ বছরে (০১/০৭/২০২১ খ্রিঃ থেকে ০৫/০৮/২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত)	বিগত (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে ৩০/০৬/২০২১খ্রিঃ) পর্যন্ত	মোট বরাদ্দ (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে অদ্য পর্যন্ত)
১	২	৩	৪	৫ (৩+৪)
১	৩৩৩ ফোন নম্বরে অনুরোধকারীদের খাদ্য সহায়তা প্রদানের নিমিত্ত বরাদ্দ অর্থ	১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা	-	১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা
২	ত্রাণ কার্য (নগদ অর্থ)	২৮,১২,২৫,০০০/- (আটাশ কোটি বার লক্ষ পঁচিশ হাজার) টাকা	১০১১,১৩,৩২,৫১১/- (এক হাজার এগার কোটি তের লক্ষ বত্রিশ হাজার পঁচশত এগার) টাকা	১০৩৯,১৫,৫৭,৫১১/- (এক হাজার উনচল্লিশ কোটি পনের লক্ষ সাতান্ন হাজার পঁচশত এগারো) টাকা
৩	চাল	১,৪৩,৩১৫.৫১ (এক লক্ষ তেতাল্লিশ হাজার তিনশত পনের দশমিক পাঁচ এক) মে: টন	৪,৪৪,৫৪২ (চার লক্ষ চুয়াল্লিশ হাজার পঁচশত বিয়াল্লিশ) মেঃ টন	৫,৮৭,৮০৭.৫১ (পাঁচ লক্ষ সাতাশি হাজার আটশত সাত দশমিক পাঁচ এক) মে: টন
৪	শুকনা ও অন্যান্য খাবার [মিনিকেট চাল ১০ কেজি; দেশী মুসুর ডাল ০১ কেজি প্যাকেট; আয়োডিনযুক্ত লবণ ০১ (এক) কেজি প্যাকেট; চিনি ০১ (এক) কেজি প্যাকেট; চিড়া (এক কেজির প্যাকেট ২ টি) ০২ (দুই) কেজি; সয়াবিন তেল ০১ (এক) লিটারের বোতল; নুডুলস ৫০০ (পাঁচশত) গ্রাম]	১৬,৮০০ (ষোল হাজার আটশত) প্যাকেট	৬,৮৭,৭০০ (ছয় লক্ষ সাতাশি হাজার সাত শত) প্যাকেট	৭,০৫,০০০ (সাত লক্ষ পাঁচ হাজার) প্যাকেট
৫	ঢেউটিন	-	৩১,৮০০ (একত্রিশ হাজার আটশত) বান্ডিল	৩১,৮০০ (একত্রিশ হাজার আটশত) বান্ডিল
৬	গৃহ নির্মাণ মঞ্জুরী	-	৯,৫৪,০০,০০০/- (নয় কোটি চুয়ান্ন লক্ষ) টাকা	৯,৫৪,০০,০০০/- (নয় কোটি চুয়ান্ন লক্ষ) টাকা

৮ (গ)। ৩৩৩ এর মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মানবিক সহায়তার বিবরণ (০৪/০৮/২০২১ তারিখ পর্যন্ত):

ত্রাণ কার্য (নগদ অর্থ) টাকা	সকল জেলা (পৌরসভাসহ)	সকল সিটি করপোরেশন	সর্বমোট
উপকারভোগী পরিবার সংখ্যা	১,৭১,৯৭১ টি	৭,০৪৩ টি	১,৭৯,০১৪ টি
উপকারভোগী লোক সংখ্যা	৭,৪৮,৭৮৪ জন	৩৪,৮৮৬ জন	৭,৮৩,৬৭০ জন

৯। দুর্যোগ ব্যবস্থাপনা স্থায়ী আদেশাবলী ২০১৯ সহ অন্যান্য বিধিবিধান অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।



৫-৮-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৫১/১(১৭১)

তারিখ: ২১ শ্রাবণ ১৪২৮
০৫ আগস্ট ২০২১

সদয় অবগতির জন্য প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)
- ১৩) সহকারী পরিচালক, যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর



৫-৮-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা